

১। আন্তর্জাতিক বোঝাপড়ার ক্ষেত্রে খেলাধুলার ভূমিকা কী? ২। খেলার বিরোধক তত্ত্বটি কী? ৩ সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কীভাবে করা যায়? ৪। শিক্ষণ-সহায়ক বলতে আপনি কী বোঝেন? ৫। 'শরীর চর্চা' আর 'শারীর শিক্ষা' কী সমার্থক? ৬। ক্রীড়া মনোবিদ্যা বলতে কী বোঝায়? ৭ নিম্নলিখিত বৎসরে অলিম্পিক প্রতিযোগিতার স্থান ও ভারতের পদক প্রাপ্তি উল্লেখ করুন ১৯৮৪, ১৯৮৮, ১৯৯২, ১৯৯৬। সি.এ. বিউকার প্রদত্ত শারীর শিক্ষার সংজ্ঞা লিখুন। ৯। যে কোনো চারটি মানসিক উপাদানের নাম করুন যা ক্রীড়া মানকে প্রভাবিত করে। ১০। চার প্রকার অস্থিসন্ধি ও তাদের মুভমেন্টগুলি উল্লেখ করুন। ১১। পেশিতন্ত্রের উপর ব্যায়ামের প্রভাব উল্লেখ করুন। ১২। টেনিস এলবো কী এবং কীভাবে এর প্রতিকার করা যায়? ১৩। পরিমাপসহ ব্যাডমিন্টন কোর্টের একটি নক্সা অঙ্কন করুন। ১৪। ডেকাথলন প্রতিযোগিতার প্রথম ও দ্বিতীয় দিনের জন্য নির্ধারিত বিষয়গুলি উল্লেখ করুন। ১৫। নয়টি দল নিয়ে একটি নক্সা-আউট প্রতিযোগিতায় কতগুলি দল 'বাই' পাবে? পদ্ধতি অনুসারে ক্রীড়া তালিকায় 'বাই' পাওয়া দলগুলির অবস্থান দেখান। ১৬ নিম্নলিখিত শারীরবৃত্তীয় বিষয়গুলি পরিমাপ করার যন্ত্রগুলির নাম উল্লেখ করুন: (ক) রক্তচাপ (খ) বায়ু ধারকত্ব। ১৭। নিম্নে উল্লিখিত শারীরিক সক্ষমতার উপাদানগুলির পরিমাপের নির্দিষ্ট অভীক্ষা লিখুন: (ক) পায়ের পেশীশক্তি (খ) ক্ষিপ্রতা (গ) নমনীয়তা (ঘ) হৃদ সংবহন ক্ষমতা। ১৮। রূপায়িত অবস্থার নীতিগুলি উল্লেখ করুন। ১৯। পর্যায়বৃত্ত কালকে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী উল্লেখ করুন। ২০। মানসিক প্রতিবন্ধী যুবকদের উপযোগী শারীর শিক্ষার কর্মসূচি উল্লেখ করুন। ২১। 'শারীর শিক্ষা' পাঠক্রমে শিবিরের প্রয়োজনীয়তা উল্লেখ করুন। ২২। খেলার পূর্বে কী ধরনের আহার গ্রহণ করা উচিত? ২৩। ভিটামিন A, C, D ও E-এর উৎসগুলি উল্লেখ করুন। ২৪। AAHPERD ইউথ ফিটনেস-টেস্ট ব্যাটারীয় বিষয়গুলি বালক ও বালিকাদের জন্য পৃথকভাবে উল্লেখ করুন। ২৫। ক্রীড়া প্রশিক্ষণে বিক্রাম পদ্ধতির বৈশিষ্ট্য উল্লেখ করুন। ২৬। বঙ্গদেশে শারীর শিক্ষার বিকাশে জেমস বুকাননের অবদান উল্লেখ করুন। ২৭। উচ্চ রক্তচাপ এবং নিম্ন রক্তচাপ বলতে কী বোঝায়? ২৮। স্বাস্থ্য সেবা বলতে কী বোঝায়? ২৯। পাঠ-পরিবর্তনার মূল্য ও উদ্দেশ্যগুলি কী কী? ৩০। যদি একটি 300 মি. দৈর্ঘ্যের রানিং ট্র্যাকের একটি সোজা লাইনের দৈর্ঘ্য 59-80 মি. হয় তবে তার কর্ণ রেডিয়াস ও রানিং ডিসট্যান্স রেডিয়াস কত হবে।